

বুয়েটে ১০ম আন্তর্জাতিক পানি ও বন্যা ব্যবস্থাপনা সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট (আইডব্লিউএফএম) তিন দিনব্যাপী আন্তর্জাতিক পানি ও বন্যা ব্যবস্থাপনা সম্মেলন (আইসিডব্লিউএফএম-২০২৫) সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। এবারের সম্মেলনটি পূর্ববর্তী আইসিডব্লিউএফএম-২০২৩-এর মতোই সরাসরি অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠিত হয় এবং এর ভেন্যু ছিল সিরডাপ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (চামেলি হাউজ, ১৭ তোপখানা রোড, ঢাকা-১০০০)।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডস দূতাবাসের পানি ও জলবায়ু বিষয়ক ফাস্ট সেক্রেটারি, ইনগে ক্লাসেন। উদ্বোধনী অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক আবদুল হাসিব চৌধুরী। এছাড়াও, অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন আইসিডব্লিউএফএম-২০২৫-এর আয়োজক কমিটির চেয়ারম্যান অধ্যাপক জি এম তারেকুল ইসলাম এবং ধন্যবাদ জ্ঞাপন করেন পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক মোহাম্মদ আসাদ হোসেন। হাইড্রোলজি, হাইড্রোডাইনামিক্স, মরফোলজি, বায়ুমণ্ডলীয় বিজ্ঞান, জলবায়ু, পরিবেশ দূষণ, বাস্তুতন্ত্র, কৃষি, দুর্যোগ, ভালনারেবিলিটি, রিস্ক, লিঙ্গ, জীবিকা এবং দরিদ্রের মতো অসংখ্য উপশাখা থেকে আন্তর্বিভাগীয় জ্ঞান সাধারণভাবে এবং বন্যা ব্যবস্থাপনায় জল ব্যবস্থাপনার জন্য প্রয়োজন।

এবারের সম্মেলনের জন্য ২৬১টি গবেষণা সংক্ষেপ (অ্যাবস্ট্রাক্ট) জমা পড়ে, যার মধ্যে বিশেষজ্ঞ পর্যালোচনার মাধ্যমে ১৯৫টি নির্বাচন করা হয়। নিবন্ধন প্রক্রিয়া শেষে চূড়ান্তভাবে ১৭৯টি গবেষণা নিবন্ধ

সম্মেলনের জন্য গৃহীত হয়, যার মধ্যে ১৫০টি গবেষণা নিবন্ধ মৌখিক উপস্থাপনার জন্য নির্বাচিত হয়েছে। এগুলো ২৪টি প্রযুক্তিগত সেশনে তিন দিনব্যাপী উপস্থাপন করা হয়। এছাড়া, ২৯টি গবেষণা নিবন্ধ পোস্টার প্রেজেন্টেশনের জন্য মনোনীত হয়েছে, যা ২৪ ফেব্রুয়ারি প্রদর্শিত হয়। —প্রেস বিজ্ঞপ্তি